পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন

আচার্য প্রফুল্লচন্দ্র সমবায় ভবন

ডিডি-১৮/৬, সেক্টর-১, বিধাননগর, কলকাতা - ৭০০০৬৪

২০১১-২০১২ বর্ষে সমবায় সদস্য শিক্ষণ কর্মসূচী রূপায়নে শিক্ষা নির্দেশক/নির্দেশিকা গনের জন্য নির্দেশিকা ।

১) সাধারণ সদস্য শিক্ষণ শিবির (O.M.Class) : প্রতিটি শিবির ১ দিন

সমবায় শিক্ষা নির্দেশকগণ সারা বছরে স্বয়ম্ভর গোষ্টির নেতা-নেত্রীদের ও সাধারণ সদস্য-সদস্যদের নিয়ে মোট ৩৫টা শিক্ষণ শিবির করবেন (স্বয়ম্ভর গোষ্ঠীর নেতা-নেত্রীদের নিয়ে ২০টি এবং সাধারণ সদস্যদের নিয়ে ১৫টি) স্বয়ম্ভর গোষ্ঠীর নেতা-নেত্রীদের শিবিরে কমপক্ষে ২০ জন এবং সর্বাধিক ৫০ জন এবং সাধারণ সদস্য শিবিরে কমপক্ষে ২০ জন এবং সর্বাধিক ৪০ জন সদস্য উপস্থিত থাকবে । কর্মচারী ঋণদান সমবায় সমিতির ক্ষেত্রে নুন্যতম সংখ্যাটা শিথিল করা যেতে পারে ।

মহিলা শিক্ষা নির্দেশিকাগণ সারা বছরে স্বয়ম্ভর গোষ্ঠীর নেতা নেত্রীদের নিয়ে মোট ২০টি এবং সাধারণ সদস্য নিয়ে মোট ১৫টি শিক্ষণ শিবির অনুষ্ঠিত করবেন ।

দার্জিলিং এ অবস্থিত শিক্ষা নির্দেশক স্বয়ম্ভর গোষ্ঠীর নেতা-নেত্রীদের নিয়ে ১০টি এবং সাধারণ সদস্য নিয়ে ২৫টি এই ধরনের শিবির অনুষ্ঠিত করবেন ।

যে যে এলাকায় ল্যাম্পস সমিতি আছে সেই এলাকায় ল্যাম্পস-এর সদস্যদের নিয়ে এই ধরনের শিবির হওয়া দরকার । ল্যাম্পস সমিতিতে শিক্ষণ শিবিরের জন্য মৌলিক ভ্রমণ ভাতা (Fundamental T.A.)পাওয়া যাবে । সাধারণ সদস্য শিক্ষণ শিবিরে (একদিন) সদস্য প্রতি মোট ১৫ (পনের) টাকা হারে স্টাইপেন্ড প্রদান করা যাবে । (সরকারী তহবিল ১টাকা ও সমবায় শিক্ষা তহবিল ১৪ টাকা) । শুধুমাত্র স্বয়ম্ভর গোষ্ঠীর শিক্ষণ শিবিরের জন্য মৌলিক ভ্রমণ ভাতা (Fundamental T.A.)পাওয়া য়াবে (বছরে সর্বোচ্চ ২০ দিনের) ।উল্লেখ্য যে সংখ্যক সাধারণ সদস্য শিক্ষণ শিবিরে সারা বছরে অনুষ্ঠিত করতে হবে সেই সংখ্যক স্বয়ম্ভর গোষ্ঠীর শিক্ষণ শিবিরের মৌলিক ভ্রমণ ভাতা (Fundamental T.A.)পাওয়া যাবে । স্বয়ম্ভর গোষ্ঠীর শিক্ষণ শিবির করলেই ভ্রমণ ভাতা পাওয়া যাবে না । শিক্ষা নির্দেশকদের সহকারীগণ ও এই মৌলিক ভাতা পাবেন । সাধারণ সদস্য ক্লাসের শিক্ষনীয় পরিকল্পনা (লেশন প্লান) তৈরী করা

আবশ্যিক । শিক্ষানীয় পরিকল্পনা হবে সদস্যদের প্রয়োজন ভিত্তিক । লেশন প্লানের একটি কপি প্রধান কার্য়ালয়ে অবশ্যই পাঠাতে হবে ।

স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করে সমিতির সঙ্গে যুক্ত করার পর গোষ্ঠীর সদস্যদের নিয়ে সাধারণ সদস্য শিক্ষণ শিবির করা যাবে এবং এরূপ ক্লাসে অংশগ্রহণকারীদের স্টাইপেন্ড প্রদান করা যাবে । কোনরূপ কনটিনজেন্সি প্রদান করা যাবে না । এই খরচ কেবল মাত্র গোষ্ঠী গঠনের ক্ষেত্রে করা যাবে ।

২) পরিচালন পর্ষদের ক্লাস - (BOD Class) : প্রতিটি শিবির ৩ দিনের

দার্জিলিং ও কলকাতার শিক্ষা-নির্দেশকগণ বছরে কমপক্ষে ১০টি শিবির বিভিন্ন সমিতিতে অনুষ্ঠিত করবেন। যে এলাকায় ল্যাম্পস আছে সেখানে ঐ সমিতিতে পৃথকভাবে পরিচালন পর্ষদের ক্লাস অনুষ্ঠিত করবেন । এক্ষেত্রে টি.ডি.সি.সি-এর শাখা আধিকারিকদের সাথে আলোচনা করবেন ।

অন্যান্য জেলায় যুক্ত শিক্ষা-নির্দেশকগণ বছরে ৪টি (৩দিনের) যুগ্ম পরিচালন পর্ষদ শিবির অনুষ্ঠিত করবেন কমপক্ষে ৮টি সমিতি নিয়ে এই শিবির অনুষ্ঠিত হবে । এছাড়া বছরে ৩টি (একদিনের) যুগ্ম পরিচালন পর্ষদ শিবির ‘কর্মচারী ঋণদান সমবায় সমিতির‘ পরিচালন সদস্য নিয়ে অনুষ্ঠিত করবেন এবং কমপক্ষে ৫টি সমিতি নিয়ে এই শিবির অনুষ্ঠিত হবে । যুগ্ম শিবিরে পরিচালন পর্ষদের সঙ্গে শুধু মাত্র সমিতির ম্যানেজারকে আমন্ত্রন জানানো যেতে পারে । এই ধরনের শিবিরে কমপক্ষে ২০ জন এবং একাধিক ৪০ জন উপস্থিত থাকতে পারে । উপস্থিতি প্রায় ৫ জন বেশী হলে পরে অনুমতি সাপেক্ষে শিবিরটি করা যেতে পারে । এই ধরনের শিবিরের জন্য শিক্ষা নির্দেশক ও তার সহকারীগণ ৪ দিনের মৌলিক ভ্রমণ ভাতা (Fundamental T.A.) পাবেন।

১ দিন শিবির আয়োজনের জন্য এবং বাকী ৩ দিন শিবিরটি পরিচালনা করার জন্য । উল্লেখ থাকে যে ১ দিনের যুগ্ম পরিচালক শিবিরের জন্য মোট ২ দিন মৌলিক ভাতা পাওয়া যাবে ।

পরিচালন পর্ষদ শিবিরে খাতা, পেন ক্রয়ের জন্য প্রত্যোক উপস্থিতির হিসাবে ১০ টাকা হারে কন্টিজেন্সি পাওয়া যাবে । উল্লেখ থাকে যে স্টাডি মেটিরিয়াল এর জন্য ও জন প্রতি ১০ টাকা পর্যন্ত্য খরচ করা যেতে পারে । স্টাডি মেটিরিয়াল-এর একটি কপি অবশ্যই প্রধান কার্যালয়ে পাঠাতে হবে । প্রতিটি শিবিরের জন্য ঘর ভাড়া ও চেয়ার ভাড়া বাবদ মোট ৩৫০ টাকা খরচ করা যেতে পারে । এছাড়া শিবির পরিচালনা করার জন্য কাগজ,

খড়ি, অতিথি আপ্যায়ন ইত্যাদি বাবদ মোট ১০০ টাকা খরচ করা যেতে পারে । খরচের মুল ভাউচার প্রধান কার্যালয়ে পাঠাতে হবে ।

এরূপ শিবিরে প্রত্যেক শিক্ষার্থী পিছু প্রতিদিন ২৫ টাকা হারে স্টাইপেন্ড প্রদান করা যাবে । সরকারী তহবিল ২ টাকা প্রতিদিন এবং সমবায় শিক্ষা তহবিল ২৩ টাকা প্রতিদিন ।

৩) সম্পাদক/ম্যানেজার শিবির (Secretary/Managers Camp) :প্রতিটি শিবির ৩ দিনের ।

কলকাতা, দার্জিলিং ও উত্তরাঞ্চল ব্যতীত অন্যান্য জেলা সমবায় শিক্ষা নির্দেশকগণ বছরে ১টি সম্পাদক/ ম্যানেজারস্ শিবির অবশ্যই অনুষ্ঠিত করবেন । জেলা সমবায় ইউনিয়ন. সমবায় সমিতিসমূহের সহ-নিয়ামক, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক, রাজ্য সমবায় ব্যাঙ্কের ইউনিট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে এবং সমবায় শিক্ষা আধিকারিককে অনুষ্ঠানের পূর্বে অবগত করে এরূপ শিবির করা যাবে । প্রতি সমিতি থেকে সম্পাদক এবং ম্যানেজার এই শিবিরে অংশগ্রহণ করতে পারবেন । জরুরী কোন কারণে ম্যানেজার উপস্থিত হতে অক্ষম হলে সহকারী ম্যানেজার অথবা হিসাব-রক্ষক অংশগ্রহণ করতে পারবেন । অংশগ্রহণকারীর সংখ্যা হবে কমপক্ষে ২০ এবং সর্বোচ্চ ৪০ জন । এই ধরনের শিবিরে খাতা, পেন, ক্রয়ের জন্য প্রত্যেক উপস্থিতির জন্য ১০ টাকা এবং স্টাডি মেটিরিয়াল -এর জন্য প্রত্যেক উপস্থিতির জন্য ১০ টাকা পাওয়া যাবে । স্টাডি মেটিরিয়াল-এর ১ কপি প্রধান কার্যালয়ে না পাঠালে ঐ বাবদ অর্থ বরা□করা যাবে না । শিবিরে জন্য ঘর ভাড়া ও চেয়ার ভাড়া বাবদ মোট ৩৫০ টাকা পাওয়া যাবে । কাগজ, খড়ি,অতিথি আপ্যায়ন বাবদ অতিরিক্ত ১০০ টাকা কন্টিজেন্সি বাবদ খরচ করা যেতে পারে ।

এই ধরনের শিবিরে প্রত্যেক সদস্য প্রতিদিন ২৫ টাকা (সরকারী তহবিল ৩টাকা ও সমবায় শিক্ষা তহবিল ২২ টাকা হারে স্টাইপেন্ড পাবেন । এ ছাড়া শিক্ষা নির্দেশক/নির্দেশিকাগণ ও সহকারীগণ ৪ দিনের মৌলিক ভ্রমণ ভাতা পাবেন, তার মধ্যে ১ দিন শিবির আয়োজনের জন্য ।

৪) স্বনির্ভর গোষ্ঠী গঠন (S.H.G.formation)

মহিলাদের সমবায়-এর সহিত বেশী করে যুক্ত করার জন্য এবং তাদের আয় বৃদ্ধির জন্য শিক্ষা-নির্দেশক ও নির্দেশিকাগণকে স্বয়□র গোষ্ঠী গঠনের উপর দৃষ্টি রাখতে বলা হল । শিক্ষা-নির্দেশক ও নির্দেশিকাগণ বছরে কমপক্ষে মোট ১৫টি এই ধরনের গোষ্ঠী গঠন করবেন । এইরূপ গোষ্ঠী গঠনের একটি কর্মসূচীর জন্য

আনুসাঙ্গিক খরচ বাবদ মোট ৩০০ টাকা পাওয়া যাবে । উল্লেখ থাকে যে ঐ খরচ কমপক্ষে ৩টি গোষ্ঠী গঠনের জন্য পাওয়া যাবে (প্রতিটি ১০০ টাকা হারে)। উক্ত খরচের জন্য মুল ভাউচার দাখিল করতে হবে।

স্বনির্ভর গোষ্ঠী গঠনের জন্য শিক্ষা নির্দেশক ও তার সহকারী মৌলিক ভ্রমণ ভাতা পাবেন । উল্লেখ থাকে যে দল গঠন হলেই ভ্রমণ ও খরচের অর্থ পাওয়া যাবে ভ্রমণ ভাতা সর্বোচ্চ ১৫টি কর্মসূচী পর্যন্ত পাওয়া যাবে ।

৫) বিদ্যালয়ে ছাত্র শিবির ও কুইজ প্রতিযোগিতা (Student Class & Quize Contest in School)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে নবম, দশম, একাদশ ও দ্বাদশ (শ্রেনীর ছাত্র-ছাত্রীদের কাছে সমবায়ের

আদর্শ প্রচারের উদ্দেশ্যে সমস্ত জেলায় কর্মরত শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ প্রতি বছর কমপক্ষে ৬টি বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে সমবায় সচেতনতা শিবির অনুষ্ঠিত করবেন । এই শিবিরে প্রতি ছাত্র-ছাত্রীকে টিফিন বাবদ ১০ টাকা এবং ৫ টাকার একটি বই (সমবায় পরিচিতি) প্রদান করতে হবে । উক্ত মোট খরচ (১৫ টাকা / প্রতি ছাত্র) প্রধান শিক্ষক/শিক্ষিকা দ্বারা প্রত্যায়িত (Attested) করে নিতে হবে এবং স্কুলের সিল মোহর থাকতে হবে ।

নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেনীর ছাত্র-ছাত্রীদের নিয়ে বিভিন্ন বিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতা করা যেতে পারে । প্রত্যেক শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ প্রতি বছর ৩টি করে পৃথকভাবে এই কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত করবেন । এই প্রতিযোগিতার প্রতিটির জন্য ৫০০ টাকা খরচ করা যাবে । যার মধ্যে পুরস্কার এবং টিফিন সবই রয়েছে । প্রতিযোগিতার মুল ভউচার, মুল্যায়ন পত্র অবশ্যই স্কুল কতৃপক্ষ দ্বারা প্রত্যায়িত করে প্রধান কার্যালয়ে পাঠাতে হবে । ছাত্র শিবির ও বিদ্যালয় কুইজ প্রতিযোগিতার প্রতিটির জন্য শিক্ষা-নির্দেশক ও শিক্ষা নির্দেশিকা এবং তাদের সহকারী পৃথকভাবে ১ দিনের মৌলিক ভ্রমণভাতা পাবেন । উল্লেখ্য যে উপরক্ত প্রতি ক্ষেত্রে বিদ্যালয় পরিদর্শক এর সহয়োগিতা নেওয়া যেতে পারে ।

৬) ব্লকস্তরে সমবায় মূলক কর্মশালা (Block Level Cooperative Workshop)

জেলা সমবায় ইউনিয়নের পরামর্শক্রমে জেলায় সমিতি সমূহের সহ-নিয়ামক জেলা হিসাব নিরিক্ষা দপ্তর, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক, রাজ্য সমবায় ব্যাঙ্কের ইউনিট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে ব্লকস্তরে সমবায় মূলক কর্মশালা অনুষ্ঠিত করবেন । সারা বছরে এইরূপ ৪টি কর্মশালা অনুষ্ঠিত করা যাবে । কর্মশালার বিষয় সুনির্দিষ্ট থাকা প্রয়োজন, লক্ষ্য থাকবে যে কর্মশালাটি যেন সাধারণ শিক্ষণ শিবির না হয়ে যায় ।

কর্মশালা-কর্মসূচী স্থির হলে স্থানীয় সহ-শিক্ষা আধিকারিক ও সমবায় ব্যবস্থাপণা কেন্দ্রকে যুক্ত

করা যেতে পারে । এরূপ কর্মশালাগুলিতে **স্বয়ম্ভর** গোষ্ঠী/CAS প্রভিতির বিষয়ের উপর গুরুত্ব দেওয়া যেতে পারে, অথবা এলাকার কোন বিশেষ সমস্যা থাকলে সেটাও যুক্ত করা যেতে পারে ।

সহ-সমবায় শিক্ষা আধিকারিক, পশ্চিমাঞ্চল এই ধরনের কর্মশালা পৃথকভাবে বছরে ৪টি এবং উত্তরাঞ্চল বছরে ২টি অনুষ্ঠিত করবেন । পূর্বেই কর্মশালাগুলির তারিখ, বিষয় এবং স্থান প্রধান কার্যালয়কে জ্ঞাত করিবেন । প্রতিটি কর্মশালায় শিক্ষার্থীর সংখ্যা হবে অনধিক ৪০ জন । প্রতিটি কর্মশালার জন্য শিক্ষা নির্দেশক ও নির্দেশিকা এবং তাদের সহকারী ১ দিনের মৌলিক ভ্রমণ ভাতা পাবেন । শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ যে জেলার সাথে যুক্ত সেখানকার কর্মশালায় নিজেকে যুক্ত করবেন । সমস্ত কর্মশালা অবশ্যই চলতি বছরের ডিসেম্বরের মধ্যে সম্পূর্ণ করতে হবে ।

৭) <u>নতুন সমবায় আইনের উপর বিশেষ শিক্ষণ শিবির (Special Training on New Cooperative Acts - 2006 & Rules 2011)</u>

নতুন সমবায় আইনে উপর প্রতি D.C.E.I. ও L.C.E.I. এ বছর ৪টি করে Special training এর ব্যবস্থা করবেন এবং প্রতিটি এ ধরনের ক্লাস এর জন্য মৌলিক ভ্রমণ ভাতা পাওয়া যাবে । এই প্রতিটি

Special training -এ নতুন আইনের যে বিষয়ের উপর শিক্ষাদান করা হবে তার উপর Study Material দেওয়া আবশ্যক ও প্রতিটি ট্রেনিং এর জন্য মোট .... টাকা খরচ করা যেতে পারে । (tiffin খরচ, Study meterial ও Guest Lecreture ইত্যাদি বাবদ)

৮) <u>নতুন ধরনের সমিতি গঠন (Formation of new type of Cooperative Society)</u>

প্রতি শিক্ষা নির্দেশিক ও নির্দেশিকাগণ বছরে নতুন ধরনের দুটি সমবায় সমিতি অবশ্যই গঠন করবেন । বিশেষত স্বনির্ভর গোষ্ঠীর সমবায় সমিতি ।

৯) <u>সমিতি অধিগ্রহণ (Society Adoption)</u>

প্রতি শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ এ বছর থেকে অবশ্যই ১টি সমিতি দু বৎসরের জন্য অধিগ্রহণ করবেন। অধিগ্রহণের পূর্বে সেই সমিতির একটি Status Report অব্যশই প্রধান কার্যালয়ে এ পাঠাবেন। মাসে ১বার অন্তত সমিতিটি পরিদর্শনে যাবেন প্রয়োজনীয় নির্দেশ দানের জন্য । কোন কোন মাসে শুধু পরিদর্শন না করে O.M Class, S.H.G O.M. Class, Single BOD Class (৩ দিনের) সেই

সমিতিতে করা হবে এবং ঐ সমস্ত ওক্ষসঙ্ঞ্ঝ এর জন্যই মৌলিক ভ্রমণ ভাতা পাওয়া যাবে । বৎসরান্তে সমিতির উন্নয়নের তুলনা মূলক রিপোর্ট প্রধান কার্যালয় এ পাঠাবেন ।

১০) বৃত্তিগত প্রশিক্ষণ (Vocational Training)

প্রতি শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ বছরে দুটি করে vocational training এর ব্যবস্হা করবেন । তবে training - এর পূর্বে প্রধান কার্যালয়-এর পূর্ব নির্দেশ মতো সমিতি ও ট্রেনিং-এ যোগদানকারীদের সম্পর্কে জ্ঞাতব্য বিষয় জানিয়ে তার অনুমতি নিতে হবে । নুন্যতম একটি vocational training

প্রয়োজনে অধিগৃহীত সমিতিতে তার উন্নয়নের জন্য করা যেতে পারে ।

১১) সমবায় শিক্ষা তহবিল (Cooperative Education Fund)

সমবায় শিক্ষা তহবিল অনাদায়ী আছে এরূপ সমিতির তালিকা, টাকার পরিমান, সাল প্রভৃতি উল্লেখ করে একটি তালিকা জেলা সমবায় ইউনিয়নের,জেলা নিরীক্ষা আধিকারিকের সহায়তায় তৈরী করবেন। তহবিল আদায়ের জন্য পরিকল্পিতভাবে ভ্রমণসূচী এমনভাবে তৈরী করতে হবে যাতে একদিনের ভ্রমণে কয়েকটি

সমিতি ভ্রমণ করা যায় । অনাদায়ী শিক্ষা তহবিল তালিকা এবং আদায়ে জেলা সমবায় ইউনিয়নকেও অগ্রণী ভুমিকা নিতে বলা হল । জুলাই থেকে ডিসেম্বর মাস পর্যন্ত শিক্ষা তহবিল আদায়ের জন্য প্রতি মাসে তিন দিন এবং জানুয়ারী থেকে জুন পর্যন্ত প্রতি মাসে ৫ দিন মৌলিক ভ্রমণভাতা পাওয়া যাবে ।

২০০৯-১০ এর অডিট ভিত্তিক ডিমান্ড লিষ্ট ৩১শে জুলাই এর মধ্যে প্রধান কার্যালয় এ পৌছাতে হবে ।

১২) অতিথি বক্তা

ল্যাম্পস সমিতিতে অনুষ্ঠিত সাধারণ সদস্য শিবির অথবা পরিচালন পর্ষদের শিবিরে টি.ডি.সি.সি-র

আঞ্চলিক শাখা অধিকর্তা অথবা পর্ষদের জেলা তপশিলী জাতি ও উপজাতি বিভাগের আধিকারিকগণকে অতিথি ব্ক্তা হিসাবে আমন্ত্রন জানাতে হবে । তবে পরিচালন পর্ষদের ক্লাসে উপরোক্ত বিভাগের আধিকারিক ছাড়াও জেলা সমবায় দপ্তরের, নিরিক্ষা দপ্তরের আধিকারিকদের আমন্ত্রন জানান যেতে পারে । অন্যান্য ধরনের সমিতির ক্ষেত্রে সহ-নিয়ামক অথবা তাঁর দপ্তরের কোন আধিকারিক, ব্লকের সমবায় পরিদর্শক, জেলার নিরীক্ষা আধিকারিক দপ্তরের কোন আধিকারিক, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক অথবা রাজ্য সমবায় ব্যঙ্কের ইউনিটের কোন আধিকারিক, জেলা সমবায় ইউনিয়নের সভাপতি/সম্পাদক, কৃষি উন্নয়ন আধিকারিক, ব্লক উন্নয়ন আধিকারিককে অতিথি বক্তা হিসাবে আমন্ত্রন জানানো যেতে পারে ।   .

একজন অতিথি বক্তাকে ১০০ টাকা হারে সম্মানিক প্রদান করা যেতে পারে । সাধারণ সদস্যক্লাসে একজন, পরিচালন পর্ষদের ক্লাসে ৪ জন এবং সম্পাদক ও ম্যানেজার শিবিরে ৪ জন অতিথি বক্তাকে সম্মানিক প্রদান করা যেতে পারে । উল্লেখ করা যেতে পারে, শিক্ষা-নির্দেশক ও নির্দেশিকাগণ প্রয়োজনে অতিথি বক্তাকে সম্মানিক প্রদান ব্যাতিরেকেও আমন্ত্রণ জানাতে পারেন । অতিথি বক্তাকে সম্মানিক প্রদানের ভাউচারে তিনি কিকি বিষয়ের উপরে বক্তব্য রেখেছেন তা উল্লেখ করতে হবে ।

মহিলা সমবায় নির্দেশিকাগণ যে সমিতিতে সাধারণ সদস্য ক্লাস অথবা পরিচালন পর্ষদের ক্লাস অনুষ্ঠিত করবেন সেই সমিতির কাজের সাথে সম্পর্কযুক্ত কোনও বিভাগের আধিকারিককে আমন্ত্রণ জানাতে পারেন। বিষয়সূচী নির্দিষ্ট করে অতিথি ব্ক্তাদের আমন্ত্রণ জানানো আবশ্যক এবং বিষয়ের ওপর সংক্ষিপ্ত নোট থাকলে ভাল হয় ।

১৩) রাজ্য সমবায় ইউনিয়নে সদস্যভুক্তি ও ভান্ডার পত্রিকার গ্রাহক সংগ্রহ

শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ ইউনিয়নের সদস্যভুক্তি ও ভান্ডার পত্রিকার গ্রাহক সংগ্রহ এবং বিজ্ঞাপণ আদাযের জন্য যথোচিত গুরুত্ব দেবেন । প্রত্যেক নির্দেশক ও নির্দেশিকা প্রতি মাসে কমপক্ষে ৪টি ভান্ডার পত্রিকার গ্রাহক সংগ্রহ করবেন । এছাড়া বিজ্ঞাপণ আদায়ের কাজে সচেষ্ট হবেন । যে সব সমিতি রাজ্য সমবায় ইউনিয়নের সদস্য হবার যোগ্য তাদের সদস্য ভুক্তি করার জন্য সচেষ্ট হবেন । প্রধান কার্যালয়ে হতে সদস্য হবার ফর্ম পাওয়া যাচ্ছে ।

ভান্ডার ও বিজ্ঞাপণ আদায়ের জন্য শিক্ষা নির্দেশক ও শিক্ষা নির্দেশিকাগণ মৌলিক ভ্রমণ ভাতা পাবেন, উল্লেখ থাকে যে, মোট ভ্রমণভাতা মোট কমিশন (পূর্বে যে হারে পাওয়া যেত) তাহা অপেক্ষা বেশী না হয় । কোনরূপ কমিশন আর পাওয়া যাবে না । এটা সমবায় পরিচিতির বইটির ক্রয়ের ক্ষেত্রেও প্রযোজ্য ।

১৪) অন্যান্য কর্মসূচী

ক) সমবায় শিক্ষা নির্দেশক /নির্দেশিকাগণ সমবায় ব্যবস্থাপণা কেন্দ্রে বিভিন্ন কোর্সে শিক্ষার্থী পাঠাবার জন্য সচেষ্ট থাকবেন ।

খ) শিক্ষা নির্দেশক/নির্দেশিকাগণ বিভিন্ন বিদ্যালয়ের একাদশ শ্রেনী অথবা মাধ্যমিক অবতীর্ণ ছাত্রদের সমবায় ব্যবস্থাপণা কেন্দ্রে ৫ দিনের কোর্সে (আবাসিক) পাঠাবার জন্য সচেষ্ট হবেন ।

গ) শিক্ষা নির্দেশক/নির্দেশিকাগণ এবং তাদের সহকারীগণ ভ্রমণপঞ্জী, ভ্রমণ ভাতা বিল, স্টাইপেন্ড সিট পরের মাসের ৩০ তারিখের মধ্যে অবশ্যই পাঠাবেন । সহকারীগণের ভ্রমণপঞ্জী, ভ্রমণ ভাতা বিল-এ অবশ্যই শিক্ষা নির্দেশক/নির্দেশিকাগণের অনুমোদন থাকতে হবে ।

ঘ) এই বছর থেকে শিক্ষা নির্দেশক/নির্দেশিকাগণের জন্য ত্রৈমাসিক অঞ্চল ভিত্তিক সম্মেলন হবে । শিক্ষা নির্দেশক/নির্দেশিকাগণের কাজকর্ম ও আদায় পর্যালোচনা করা হবে এবং আগামী মাসের পরিকল্পনা গ্রহণ করা হবে।

ঙ) এ বছরও ত্রৈমাসিক target. এবং গ্রডেশন প্রথা চালু রইল, শিক্ষণ শিবির ও শিক্ষা তহবিল আদায়ের ক্ষেত্রে সেপ্টেম্বর পর্যন্ত ৩০ শতাংশ, ডিসেম্বর পর্যন্ত ৩০ শতাংশ এবং মার্চ পর্যন্ত ৪০ শতাংশ । যে সব শিক্ষা নির্দেশক/নির্দেশিকাগণ ৯০ শতাংশ অর্জন করবে তারা A গ্রেড, যাহারা ৮০ শতাংশ অর্জন করবে তারা B গ্রেড যাহারা ৭০ শতাংশ অর্জন করবে তা C গ্রেড এবং ৬০ শতাংশ অবশ্যই অর্জন করতে হবে ।

চ) ভ্রমণ পঞ্জি ও ভ্রমণ পরিকল্পনার মিল থাকা প্রয়োজন । যদি পরিবর্তন হয় তবে পরের মাসের ভ্রমণ পরিকল্পনার সঙ্গে ভ্রমণ পরবর্তী অনুমোদনের জন্য পরিবর্তিত অংশটুকু পাঠাতে হবে । ভ্রমণপঞ্জী T.A.Bill সহ পাঠাতে হবে ।ভ্রমণের ৩ মাসের মধ্যে T.A.Bill দিতে হবে । অন্যথায় তা গ্রাহ্য হবে না

ছ) ভান্ডার পত্রিকার জন্য জেলার খবর, সাফল্য কাহিনী, অন্ত-তদন্ত পাঠাতে হবে ।

জ) সমবায় শিক্ষা তহবিল আদায় শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ নগদে প্রধান কার্যালয়ে জমা দেবেন না । ব্যাঙ্ক ড্রাফট বা চেকের মাধ্যমে জমা দিতে হবে । ব্যাঙ্ক ড্রাফটের খরচ সি.ই.এফ.সি আদায় থেকে কেটে বাকী টাকার ব্যাঙ্ক ড্রাফট করতে হবে এবং রশিদ অবশ্যই সি.ই.এফ.সি অফিসে জমা দিতে হবে ।

ঝ) কোন নতুন সমিতি গঠনের জন্য শিক্ষা নির্দেশকগণ ১ দিনের ভ্রমণ ভাতা পাবেন । সমিতি গঠন সংক্রান্ত সমস্ত তথ্য আলাদাভাবে প্রধান কার্যালয়ে অবশ্যই পাঠাতে হবে ।

১৫) বিভিন্ন ধরনের ক্লাস করতে গিয়ে প্রতি শিক্ষা নির্দেশক ও নির্দেশিকা বিশেষ ভাবে লক্ষ্য রাখবেন ।

ক) কৃষি উন্নয়ন সমিতি ছাড়াও তন্তুবায়, মৎসজীবী, দুগ্ধ উৎপাদক এবং শিল্প সমবায় সমিতিগুলি যেন যথেষ্ট সংখ্যক ক্লাস অনুষ্ঠিত হয় ।

খ) সাধারণ সদস্য ক্লাসের ক্ষেত্রে স্বয়ম্ভর গোষ্ঠীর ক্লাস ব্যতীত সাধারণ সদস্য ক্লাসের সংখ্যায় যেন সঠিক ভারসাম্য বজায় থাকে ।

গ) কর্মচারী ঋণদান সমিতগুলিতে আরও বেশী গুরুত্ব দিয়ে ক্লাস করতে হবে ।

ঘ) তপশীলি জাতি ও উপজাতিদের শিক্ষণের তালিকা অবশ্যই আলাদা ভাবে দিতে হবে ।

ঙ) যে সকল শিক্ষা -নির্দেশগণ দুটি জেলায় আছেন তাদের অবশ্যই কোন জেলায় কি কি ক্লাস করেছেন তা পরিস্কার উল্লেখ করতে হবে ।

চ) দেয় নমুনা অনুযায়ী প্রতি শিক্ষা নির্দেশক ও নির্দেশিকা তার ক্লাসের এবং শিক্ষা তহবিল আদায়ের একটা রেজিষ্টার রাখবেন । শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ তাদের সহ-শিক্ষা আধিকারিক মহাশয়ের মাধ্যমে এই রেজিষ্টার এবং কপি অত্র ইউনিয়ন অফিসে পাঠাবেন । উত্তরাঞ্চল ও পশ্চিমাঞ্চল আধিকারিকগণ প্রতি মাসে তাঁদের অধিনস্ত শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাদের কাজের পর্যালোচনা করে অত্র ইউনিয়ন অফিসে পাঠাবেন ।

ছ) শিক্ষা নির্দেশক ও নির্দেশিকাগণ নির্দিষ্ট সময়ে সঠিক ভ্রমণ পরিকল্পনা পাঠাবেন যাহাতে প্রধান কার্যালয়ের আধিকারিকগণ তাদের মাসিক ভ্রমণ পরিকল্পনা গ্রহণ করতে পারেন ।

জ)প্রোগ্রেস রিপোর্ট কর্মশালা, **স্বয়ম্ভর** গোষ্ঠী গঠন নতুন সমিতি গঠন, vocational training, special training ও তাতে অংশগ্রহণকারীর সংখ্যা স্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং ধারাবাহিকতা বজায় রাখতে হবে । অর্থাৎ পূর্বের মাসের জের এবং বর্তমান মাসের সংখ্যা যোগ করে মোট সংখ্যা দেখাবেন ।

১৬) নির্ধারিত ভ্রমণভাতা (FIXED T.A.) নিম্নলিখিত ক্ষেত্রে পাওয়া যাবে ।

১) সমবায় সমিতির সাধারণ সদস্য শিক্ষণ শিবির আয়োজন এবং পরিকল্পনা করার জন্য

২) সমিতি পরিদর্শন ।

৩) ব্লকস্তরে মাসিক সভা এবং যুগ্ম সভায় (জেলাস্তর) যোগদান ।

৪) নিরীক্ষকের, সহ-নিয়ামকের কার্য়ালয় ও অন্যান্য দপ্তর ভ্রমণ ।

৫) সাধারণ শিক্ষণ শিবির পরিচালনার জন্য

৬) ছাত্র শিবির সংগঠিত করার জন্য ।

৭) শিক্ষা তহবিলের আদায় প্রধান কার্য়ালয়ে জমা দেবার জন্য ।

৮) ভান্ডার পত্রিকা সংগ্রহের জন্য ।

৯) **স্বয়ম্ভর** গোষ্ঠীর সাধারণ সদস্য শিবির এবং সমবায় সমিতির সাধারণ সদস্য শিবির আলাদা করে দেখাতে হবে । প্রতিটি সমিতির ঠিকানা পরিস্কার করে লিখতে হবে, অধিক সংখ্যক ব্লককে শিক্ষণ কর্মসূচীর আওতায় আনতে হবে । নির্দ্ধারিত ভ্রমণভাতা পাবার ক্ষেত্রে শিক্ষা নির্দেশক/নির্দেশিকা/ তাদের সহকারীদের মাসে কমপক্ষে ৩ দিন ভ্রমণ করতেই হবে এবং তাহা যেন মোট ১০০ কিলোমিটারের বেশী হয় ।

(উৎপল কুমার ভট্টাচার্য্য)

মুখ্য নির্বাহী আধিকারিক